# সবুজ বিদ্যালয় গড়ার উদ্যোগ সরকারের

**নিজস্ব প্রতিবেদক**

০৯ জুলাই ২০২৬, ১২:০০ এএম




চলতি বছরে থেকে দেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোকে আরও পরিবেশবান্ধব ও সবুজ করে তুলতে ‘সবুজ বিদ্যালয়’ উদ্যোগ চালু করছে সরকার। এ কর্মসূচির অংশ হিসেবে সারা দেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়ে একযোগে প্রায় ২ লাখ গাছের চারা রোপণ করা হবে। আগামী ১৫ জুলাই প্রাথমিক শিক্ষা পদক-২০২৬ প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে একটি গাছের চারা রোপণের মাধ্যমে কর্মসূচির উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। গতকাল বুধবার প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এ কর্মসূচি সফল করতে সংশ্লিষ্ট কর্মকর্তা, শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক এবং স্থানীয় জনগণকে বৃক্ষরোপণের পাশাপাশি রোপণ করা গাছের নিয়মিত পরিচর্যায় সক্রিয়ভাবে অংশ নেওয়ার আহ্বান জানান প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ।